20 15

আজকের কাগজ

তারিখ .. 07 MAR 1993 ..
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# ছাত্রদের দাবির মুখে কর্তৃপক্ষ খুলনা মেডিকেল কলেজ বন্ধ করে দিয়েছে

গতকাল থেকে খুলনা মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীরা তাদের ১০ দফা দাবিতে আন্দোলন শুরু করলে ছাত্রদের চাপের মুখে কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্যে কলেজ বন্ধ ঘোষণা করেছে। খুলনা মেডিকেল কলেজ প্রতিষ্ঠার পর এটাই ছিলো ছাত্রদের প্রথম আন্দোলন। ছাত্র-ছাত্রীরা সংগ্রাম ছাত্রঐক্যের ব্যানারে কলেজ চত্বরে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশে ছাত্রনেতারা প্রয়োজনীয় অধ্যাপক নিয়োগ, স্বয়ংসম্পূর্ণ ল্যাবরেটরী চালু, হোস্টেল, বাস, ক্যান্টিন ও লাইব্রেরী উন্মুক্ত করার জন্যে আহবান জানায়। সমাবেশে হাসানুজ্জামান, খাদেমুল ইসলাম, নুরুল কবীর ও জেবুন্নেছা প্রমুখ বক্তৃতা করেন। সমাবেশ শেষে ১০ দফা দাবি সম্বলিত একটি স্মারক লিপি কলেজ অধ্যক্ষের কাছে দেয়া হয়। ছাত্র-ছাত্রীরা তাদের দাবির পক্ষে একটি বিক্ষোভ মিছিল নগরীর প্রধান সড়কসমূহ ঘুরে খুলনা প্রেসক্লাবে এসে শেষ হয়। আন্দোলনরত ছাত্ররা জানায় কলেজের ক্লাস এ মাসের ২২ তাং পর্যন্ত চলার কথা ছিলো। কিন্তু অধ্যক্ষ ছাত্রদের দাবির মুখে কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ করেছেন। অন্যদিকে কলেজ কর্তৃপক্ষের কাছ থেকে জানা গেছে রমজানের ছুটির জন্যে কলেজ ছুটি ঘোষণা করা হয়েছে। অন্যদিকে আন্দোলনরত ছাত্ররা কলেজ কর্তৃপক্ষের এ সিদ্ধান্তের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে। খুলনা থেকে ওয়াহেদুজ্জামান।